# সমাজকল্যাণ বার্তা

## সমাজসেবা অধিদপ্তরের মুখপত্র

রেজি নং: ৭৩/৭৬ সংখ্যা: ০৫ মার্চ: ২০২৪


## জাতীয় সমাজসেবা দিবস ২০২৪ উদ্‌যাপন

সমাজসেবায় গড়বো দেশ, স্মার্ট হবে বাংলাদেশ-এই প্রতিপাদ্যকে ধারণ করে দেশব্যাপী উদ্‌যাপিত হলো "জাতীয় সমাজসেবা দিবস ২০২৪"। সকাল ৯:৩০মিনিটে বর্ণিল বেলুন উড়ানের মাধ্যমে দিবসের বর্ণাঢ্য আয়োজন শুরু হয় । সমাজকল্যাণ মন্ত্রণালয়ের সচিব জনাব মোঃ খায়রুল আলম সেখের নেতৃত্বে, সমাজসেবা অধিদপ্তরের মহাপরিচালক (গ্রেড-১) জনাব ড. আবু সালেহ্ মোস্তফা কামাল এর উপস্থিতিতে/নির্দেশনায় সমাজসেবা অধিদপ্তরের সকল পর্যায়ের কর্মকর্তা-কর্মচারী এবং সমাজকল্যাণ মন্ত্রণালয় ও এর আওতাধীন দপ্তর/সংস্থার বিভিন্ন সোপানের কর্মকর্তাবৃন্দ এবং সমাজসেবা অধিদপ্তরের নিবন্ধিত স্বেচ্ছাসেবী সংস্থার সদস্যদের অংশগ্রহণে এক সুসজ্জিত র‍্যালি সমাজসেবা অধিদপ্তর থেকে শুরু হয়ে পাসপোর্ট অফিস ঘুরে আইডিবি ভবনের সামনে দিয়ে সমাজসেবা অধিদপ্তরে এসে শেষ হয়। র‍্যালি শেষে সকাল ১০:০০ টায় সমাজসেবা অধিদপ্তরের মধুমতি সম্মেলন কক্ষে শুরু হয় আলোচনা সভা। আলোচনা সভায় প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন সমাজকল্যাণ মন্ত্রণালয়ের সম্মানিত সচিব জনাব মোঃ খায়রুল আলম সেখ। অনুষ্ঠানে সভাপতিত্ব করেন জনাব ড. আবু সালেহ্ মোস্তফা কামাল, মহাপরিচালক (গ্রেড-১), সমাজসেবা অধিদপ্তর। স্বাগত বক্তব্য রাখেন সমাজসেবা অধিদপ্তরের পরিচালক (প্রশাসন ও অর্থ) সৈয়দ মোঃ নূরুল বাসির। সমাজকল্যাণ মন্ত্রণালয়ের পক্ষে বক্তব্য রাখেন অতিরিক্ত সচিব (পরিকল্পনা ও উন্নয়ন) জনাব জোবায়দা বেগম। সমাজকল্যাণ মন্ত্রণালয়ের বিভিন্ন দপ্তর/সংস্থার প্রধানগণ, মাঠপর্যায়ের কর্মকর্তাদের প্রতিনিধি এবং কর্মকর্তা-কর্মচারীদের প্রতিনিধিগণ বক্তব্য রাখেন। প্রধান অতিথির বক্তব্যে সমাজকল্যাণ মন্ত্রণালয়ের সম্মানিত সচিব জনাব মোঃ খায়রুল আলম সেখ স্মার্ট সমাজসেবা গড়ে তুলতে সমাজসেবা অধিদপ্তরের কর্মকর্তাগণকে আত্মজিজ্ঞাসার মাধ্যমে নিজেদের ভুলত্রুটি শুধরে নিজেকে আরো দক্ষ করে গড়ে তুলতে এবং জনসেবায় নিজেদের নিয়োজিত করতে বলেন। "জাতীয় সমাজসেবা দিবস ২০২৪" উদ্‌যাপন আয়োজনে সমাজসেবা অধিদপ্তরের বিভিন্ন পর্যায়ের কর্মকর্তা ও কর্মচারীদের মধ্য থেকে বিভিন্ন ক্যাটাগরিতে ২৬ জন এবং শ্রেষ্ঠ প্রতিপাদ্য প্রদানকারী ১ জনসহ মোট ২৭ জনকে জাতীয় সমাজসেবা পুরস্কার ২০২৪ প্রদান করা হয়। এরপর জাতীয় সমাজসেবা দিবস উপলক্ষ্যে প্রকাশিত স্মরণিকা "সেবা কথন" এর মোড়ক উন্মোচন করা হয়। সরকারি শিশু পরিবারের শিশুদের অংশগ্রহণে আয়োজিত চিত্রাংকন প্রতিযোগিতায় বিজয়ীদের মধ্যে পুরস্কার প্রদান করা হয় এবং এইচএসসি পরীক্ষায় এ+ প্রাপ্ত শিক্ষার্থীদের মধ্যে সনদ ও নগদ অর্থ প্রদান করা হয়। এছাড়াও দিবসের সকল আয়োজনে সক্রিয় সহযোগিতা প্রদানের জন্য নির্বাচিত নিবন্ধিত স্বেচ্ছাসেবী সংস্থাকে শুভেচ্ছা স্মারক প্রদান করা হয়। দিবসের অনুষ্ঠানমালার দ্বিতীয় পর্বে আয়োজন করা হয় ওয়ান ডিশ পার্টি ও মনোজ্ঞ সাংস্কৃতিক অনুষ্ঠান।




*জাতীয় সমাজসেবা দিবস ২০২৪ এর সুসজ্জিত র‍্যালি*




*জাতীয় সমাজসেবা পুরস্কার ২০২৪ প্রাপ্তদের সহিত সমাজকল্যাণ মন্ত্রণালয়ের সম্মানিত সচিব জনাব মোঃ খায়রুল আলম সেখ ও জনাব ড.আবু সালেহ্ মোস্তফা কামাল, মহাপরিচালক (গ্রেড-১), সমাজসেবা অধিদপ্তর।*

### অন্যপাতা


সমাজকল্যাণ মন্ত্রণালয়ের মাননীয় মন্ত্রী ডা. দীপু মনি এমপি মহোদয়ের সাথে সমাজসেবা অধিদপ্তরের কর্মকর্তা-কর্মচারীদের মতবিনিময় : ০২
বিভাগীয় বার্ষিক ক্রীড়া ও সাংস্কৃতিক প্রতিযোগিতা ২০২৪ : ০২
জাতীয় সমাজসেবা একাডেমিতে ৫৩তম বুনিয়াদি প্রশিক্ষণ কোর্সের উদ্বোধন : ০৩
বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এর ১০৪ তম জন্মবার্ষিকী ও জাতীয় শিশু দিবস ২০২৪ উদ্‌যাপন : ০৩-০৪
২৬ মার্চ মহান স্বাধীনতা ও জাতীয় দিবস ২০২৪ উদ্‌যাপন : ০৪

## সমাজকল্যাণ মন্ত্রণালয়ের মাননীয় মন্ত্রী ডা. দীপু মনি এমপি মহোদয় এর সাথে সমাজসেবা অধিদপ্তরের কর্মকর্তা-কর্মচারীদের মতবিনিময়

১৭ জানুয়ারি ২০২৪ খ্রিঃ তারিখে দ্বাদশ জাতীয় সংসদ নির্বাচনে চাঁদপুর-৩ আসনের নির্বাচিত সংসদ সদস্য এবং সমাজকল্যাণ মন্ত্রণালয়ের নবনিযুক্ত মাননীয় মন্ত্রী ডা. দীপু মনি এমপি মহোদয়ের সাথে সমাজসেবা অধিদপ্তরের কর্মকর্তা-কর্মচারীদের মতবিনিময় সভার আয়োজন করা হয়। সভায় বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন সমাজকল্যাণ মন্ত্রণালয়ের সচিব জনাব মোঃ খায়রুল আলম সেখ। সমাজসেবা অধিদপ্তরের মধুমতি সম্মেলন কক্ষে অনুষ্ঠিত এ মতবিনিময় সভায় সভাপতিত্ব করেন সমাজসেবা অধিদপ্তরের মহাপরিচালক (গ্রেড-১) ড. আবু সালেহ্ মোস্তফা কামাল। মতবিনিময় সভায় স্বাগত বক্তব্য রাখেন সমাজসেবা অধিদপ্তরের পরিচালক (প্রশাসন ও অর্থ) সৈয়দ মোঃ নূরুল বাসির। এছাড়াও সমাজসেবা অধিদপ্তরের কর্মকর্তা ও কর্মচারীদের পক্ষ থেকে বিভিন্ন বক্তা তাদের বক্তব্য পেশ করেন।




সমাজকল্যাণ মন্ত্রী ডা. দীপু মনি বলেন, জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান বৈষম্যহীন সমাজ গড়তে চেয়েছিলেন। তিনি আজীবন বাঙালির মুক্তি ও অধিকার প্রতিষ্ঠার লক্ষ্যে কাজ করেছেন। তিনি গণপ্রজাতন্ত্রী বাংলাদেশের সংবিধানে পিছিয়ে পড়া মানুষের কল্যাণের বিষয়টি সন্নিবেশিত করেন। ষড়যন্ত্রকারীরা বঙ্গবন্ধুর আদর্শ মুছে দিতে চেয়েছে, কিন্তু পারেনি। মাননীয় প্রধানমন্ত্রী জাতির পিতার স্বপ্ন বাস্তবায়নে কাজ করে যাচ্ছেন। এ স্বপ্ন বাস্তবায়নে সমাজকল্যাণ মন্ত্রণালয়ের কার্যক্রমের ভূমিকা অত্যন্ত গুরুত্বপূর্ণ। তিনি বলেন, আমাদের সামনে অনেক চ্যালেঞ্জ রয়েছে। চ্যালেঞ্জ মোকাবেলায় আমাদের দৃষ্টিভঙ্গি পরিবর্তন করতে হবে। I am the solution- এই মনোভাব সকলের মধ্যে থাকতে হবে। সকলের অংশগ্রহণ নিশ্চিত করা গেলে আমরা অবশ্যই স্মার্ট বাংলাদেশ গড়ে তুলতে সক্ষম হবো।

## বিভাগীয় বার্ষিক ক্রীড়া ও সাংস্কৃতিক প্রতিযোগিতা ২০২৪

সমাজসেবা অধিদপ্তর কর্তৃক পরিচালিত ঢাকা বিভাগের অধীন সরকারি শিশু পরিবারসহ বিভিন্ন আবাসিক প্রতিষ্ঠানের নিবাসী শিশুদের অংশগ্রহণে ২ দিনব্যাপী ঢাকা বিভাগীয় বার্ষিক ক্রীড়া ও সাংস্কৃতিক প্রতিযোগিতার পুরস্কার বিতরণ ও সমাপনী অনুষ্ঠান ঢাকাস্থ সরকারি শারীরিক শিক্ষা কলেজ, মোহাম্মদপুর, ঢাকার মাঠে অনুষ্ঠিত হয়।

পুরস্কার বিতরণ ও সমাপনী অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত থেকে বিজয়ীদের মধ্যে পুরস্কার তুলে দেন সমাজকল্যাণ মন্ত্রণালয়ের মাননীয় মন্ত্রী ডা. দীপু মনি এমপি। অনুষ্ঠানে বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন সমাজকল্যাণ মন্ত্রণালয়ের সচিব জনাব মোঃ খায়রুল আলম সেখ এবং সমাজসেবা অধিদপ্তরের মহাপরিচালক (গ্রেড-১) ড. আবু সালেহ্ মোস্তফা কামাল। অনুষ্ঠানে সভাপতিত্ব করেন ঢাকা বিভাগের অতিরিক্ত বিভাগীয় কমিশনার জনাব মোঃ শাহ রিয়াজ।




*বিভাগীয় বার্ষিক ক্রীড়া ও সাংস্কৃতিক প্রতিযোগিতা ২০২৪ এর শুভ উদ্বোধন করেন সমাজকল্যাণ মন্ত্রণালয়ের মাননীয় মন্ত্রী ডা. দীপু মনি এমপি।*

প্রধান অতিথির বক্তব্যে ডা. দীপু মনি এমপি বলেন, আমাদের শিশুরা প্রতিভাবান। গত ২ দিন তারা তাদের প্রতিভার স্বাক্ষর রেখেছে। আমি বিশ্বাস করি, উপযুক্ত প্রশিক্ষণ ও পরিচর্যা পেলে তারাও জাতীয় পর্যায়ে সাফল্যের স্বাক্ষর রাখতে পারবে।

দুইদিনব্যাপী বার্ষিক ক্রীড়া ও সাংস্কৃতিক প্রতিযোগিতার আয়োজনে সমাজকল্যাণ মন্ত্রণালয়াধীন ঢাকা বিভাগের ১৩ জেলার ২৬টি আবাসিক প্রতিষ্ঠানের ১১৭১ জন নিবাসী ৫৪টি ইভেন্টে প্রতিযোগিতায় অবতীর্ণ হয়। এ বছর প্রতিযোগিতায় সর্বাধিক পুরস্কার অর্জন করে সরকারি শিশু পরিবার, কিশোরগঞ্জের নিবাসীরা। উক্ত অনুষ্ঠানে সমাজসেবা অধিদপ্তরের বিভিন্ন সোপানের কর্মকর্তা, ঢাকা বিভাগের ১৩ জেলার জেলা সমাজসেবা কার্যালয়ের উপপরিচালক ও সংশ্লিষ্ট প্রতিষ্ঠান প্রধানগণ উপস্থিত ছিলেন।







## জাতীয় সমাজসেবা একাডেমিতে ৫৩তম বুনিয়াদি প্রশিক্ষণ কোর্সের উদ্বোধন

### সমাজসেবার কাজে এগিয়ে আসতে হবে: সমাজকল্যাণ মন্ত্রী ডা. দীপু মনি, এমপি

২১ জানুয়ারি ২০২৪, জাতীয় সমাজসেবা একাডেমিতে ৫৩তম বুনিয়াদি প্রশিক্ষণ কোর্সের উদ্বোধন অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তব্যে মাননীয় সমাজকল্যাণ মন্ত্রী এ আহবান জানান। অনুষ্ঠানে বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন সমাজকল্যাণ মন্ত্রণালয়ের সম্মানিত সচিব মোঃ খায়রুল আলম সেখ। সভাপতিত্ব করেন সমাজসেবা অধিদপ্তরের মহাপরিচালক (গ্রেড-১) ড. আবু সালেহ্ মোস্তফা কামাল। অনুষ্ঠানে উপস্থিত ছিলেন সমাজসেবা অধিদপ্তরের পরিচালক (প্রশাসন ও অর্থ) সৈয়দ মো: নূরুল বাসির। প্রধান অতিথিকে ফুলেল শুভেচ্ছা প্রদান ও জাতীয় সমাজসেবা একাডেমির সার্বিক কার্যক্রম ও ব্যবস্থাপনা তুলে ধরেন একাডেমির অধ্যক্ষ জনাব মোঃ সাফায়েত হোসেন তালুকদার।



জ্ঞান ও দক্ষতা কাজে লাগিয়ে দেশ নির্মাণে আত্মনিয়োগের আহবান জানিয়েছেন সমাজকল্যাণ মন্ত্রণালয়ের মাননীয় মন্ত্রী ডা. দীপু মনি, এমপি। তিনি বলেন, দেশের ইতিহাস বুকে ধারণ করে মানুষের সেবায় সমাজসেবামূলক কাজে সবাইকে এগিয়ে যেতে হবে। মন্ত্রী আরও বলেন, "সরকারি কর্মচারীদের জ্ঞান ও দক্ষতার সঙ্গে সেবামূলক মানসিকতা নিয়ে জনগণের সেবা নিশ্চিত করতে হবে। ভবিষ্যতে স্মার্ট বাংলাদেশ গঠনে কর্মকর্তাদের সক্ষম হতে হবে। সরকার আর্থিক সচ্ছলতার দিকে নজর দিচ্ছে এটাতে সবাইকে মনোনিবেশ করতে হবে। এখন স্মার্ট বাংলাদেশ গড়ার যাত্রা দক্ষতার সঙ্গে এগিয়ে নিতে হবে। নীতি নৈতিকতা ঠিক রেখে  সেবা দেওয়ার মন মানসিকতা গড়তে হবে। একার পক্ষে স্মার্ট বাংলাদেশ গড়া সম্ভব নয়, সবাই মিলে কাজ করতে হবে। এজন্য সবাইকে পরিশ্রম করতে হবে। প্রয়োজনে মানুষের পাশে দাঁড়াতে হবে।"

সমাজসেবা অধিদপ্তরাধীন নবম গ্রেডের ৩৪ জন সমাজসেবা অফিসার/সমমান কর্মকর্তা নিয়ে জাতীয় সমাজসেবা একাডেমি ২১ জানুয়ারি, ২০২৪  থেকে ২১ মার্চ, ২০২৪ তারিখ পর্যন্ত  মোট ৬০ (ষাট) দিনব্যাপী ৫৩তম বুনিয়াদি প্রশিক্ষণ কোর্স সম্পন্ন করেছে। অংশগ্রহণকারী সকল কর্মকর্তা বিসিএস পরীক্ষায় উত্তীর্ণ হয়ে বাংলাদেশ পাবলিক সার্ভিস কমিশন কর্তৃক ননক্যাডার পদে সুপারিশপ্রাপ্ত হয়ে সমাজসেবা অধিদপ্তরে যোগদান করেন যার মধ্যে ২০১৯ সালে ৩৭তম বিসিএস থেকে ২৭ জন এবং ২০২১ সালে ৩৯তম বিসিএস থেকে ০৭ জন কর্মকর্তা রয়েছেন।

৫৩তম (২১ জানুয়ারি- ২১ মার্চ ২০২৪) বুনিয়াদি প্রশিক্ষণের শুভ উদ্বোধন করেন সমাজকল্যাণ মন্ত্রণালয়ের মাননীয় মন্ত্রী ডা. দীপু মনি এমপি।

## বঙ্গবন্ধুর স্বপ্ন ধরে আনব হাসি সবার ঘরে- এই প্রতিপাদ্যকে সামনে রেখে জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এর ১০৪ তম জন্মবার্ষিকী ও জাতীয় শিশু দিবস ২০২৪ উদ্‌যাপন

১৭ মার্চ জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান-এর ১০৪ তম জন্মবার্ষিকী ও জাতীয় শিশু দিবস-২০২৪ উপলক্ষ্যে সমাজসেবা অধিদপ্তরে আলোচনা সভা, দোয়া মাহ্‌ফিল ও সাংস্কৃতিক অনুষ্ঠান আয়োজন করা হয়। বঙ্গবন্ধুর প্রতিকৃতিতে পুষ্পস্তবক অর্পণের মাধ্যমে দিবসের সূচনা হয়। দিবস উপলক্ষ্যে সমাজসেবা অধিদপ্তর প্রাঙ্গণে শিশুদের চিত্রাঙ্কন প্রতিযোগিতার আয়োজন করা হয়।



*বঙ্গবন্ধুর প্রতিকৃতিতে পুষ্পস্তবক অর্পণ করছেন সমাজকল্যাণ মন্ত্রণালয়ের মাননীয় মন্ত্রী ডা.দীপু মনি এমপি।*

সমাজসেবা অধিদপ্তর, আগারগাঁও এ অনুষ্ঠিত আলোচনা সভায় প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন সমাজকল্যাণ মন্ত্রণালয়ের মাননীয় মন্ত্রী ডা.দীপু মনি এমপি। বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন জনাব আ. ফ.ম রুহুল হক এমপি সভাপতি, সমাজকল্যাণ মন্ত্রণালয় সম্পর্কিত সংসদীয় স্থায়ী কমিটি এবং সমাজকল্যাণ মন্ত্রণালয়ের সম্মানিত সচিব জনাব  মোঃ খায়রুল আলম সেখ। অনুষ্ঠানে সভাপতিত্ব করেন সমাজসেবা অধিদপ্তরের মহাপরিচালক (গ্রেড-১) ড. আবু সালেহ্ মোস্তফা কামাল। স্বাগত বক্তব্য উপস্থাপন করেন সৈয়দ মোঃ নূরুল বাসির, পরিচালক (প্রশাসন ও অর্থ)। এছাড়াও সমাজকল্যাণ মন্ত্রণালয় ও সমাজসেবা অধিদপ্তরের কর্মকর্তা ও কর্মচারীদের পক্ষে তাদের প্রতিনিধিগণ আলোচনা সভায় বক্তব্য রাখেন। দিবসের তাৎপর্যকে ধারণ করে সরকারি শিশু পরিবার (বালক ও বালিকা) এর দুইজন শিশু বক্তা ৭ মার্চের ভাষণ ও বক্তব্য তুলে ধরেন। প্রধান শিক্ষক, সমন্বিত দৃষ্টি প্রতিবন্ধী বিদ্যালয়, বরিশাল সানজিদা আয়েশা সিফা, স্বরচিত কবিতা " মুজিব মানে বাংলাদেশ" পাঠ করেন।  জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জন্মবার্ষিকী উপলক্ষে সমাজসেবা অধিদপ্তর  দেশব্যাপী নানামুখি কর্মসূচি গ্রহণ করে। দেশব্যাপী

প্রতিটি জেলা, উপজেলায় অবস্থিত সমাজসেবা অধিদপ্তরের অধীন সকল কার্যালয়, সমাজসেবা অধিদপ্তর পরিচালিত প্রতিষ্ঠানের শিশুরা চিত্রাঙ্কন প্রতিযোগিতা, আলোচনা সভা, দোয়া মাহ্‌ফিল ও সাংস্কৃতিক অনুষ্ঠানের মাধ্যমে শ্রদ্ধা ও ভালোবাসায় দিনটি উদ্‌যাপন করে।




*১৭ মার্চ জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান-এর ১০৪ তম জন্মবার্ষিকী ও জাতীয় শিশু দিবস-২০২৪ উদ্‌যাপন অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তব্য দিচ্ছেন সমাজকল্যাণ মন্ত্রণালয়ের মাননীয় মন্ত্রী ডা.দীপু মনি এমপি।*




*জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান-এর ১০৪ তম জন্মবার্ষিকী ও জাতীয় শিশু দিবস-২০২৪ উদ্‌যাপন উপলক্ষ্যে সমাজসেবা অধিদপ্তর প্রাঙ্গণে শিশুদের চিত্রাঙ্কন প্রতিযোগিতার বিজয়ীদের সাথে সমাজকল্যাণ মন্ত্রণালয়ের মাননীয় মন্ত্রী ডা.দীপু মনি এমপি ও অন্যান্য অতিথিবৃন্দ।*

## ২৬ মার্চ মহান স্বাধীনতা ও জাতীয় দিবস ২০২৪ পালন

২৫ মার্চ গণহত্যা দিবস এবং ২৬ মার্চ মহান স্বাধীনতা ও জাতীয় দিবস ২০২৪ উদ্‌যাপন উপলক্ষ্যে সমাজকল্যাণ মন্ত্রণালয়ের দিকনির্দেশনায় সমাজসেবা অধিদপ্তর, আগারগাঁও, ঢাকায় একটি বিশেষ অনুষ্ঠানের আয়োজন করা হয়। সকাল ৯:৩০ মিনিটে অধিদপ্তর প্রাঙ্গণে স্থাপিত জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এর প্রতিকৃতিতে পুষ্পস্তবক অর্পণ করেন সমাজকল্যাণ মন্ত্রণালয়ের পক্ষে মাননীয় মন্ত্রী ডা. দীপু মনি এমপি ও সম্মানিত সচিব জনাব মোঃ খায়রুল আলম শেখ। সমাজসেবা অধিদপ্তরের পক্ষে পুষ্পস্তবক অর্পণ করেন ড. আবু সালেহ্‌ মোস্তফা কামাল মহাপরিচালক (গ্রেড-১)। এরপর সমাজকল্যাণ মন্ত্রণালয়ের বিভিন্ন দপ্তর প্রধানগণ স্ব স্ব প্রতিষ্ঠানের পক্ষে বঙ্গবন্ধুর প্রতিকৃতিতে পুষ্পস্তবক অর্পণ করেন। পুষ্পস্তবক অর্পণ ও শ্রদ্ধা নিবেদন পর্ব শেষে সকাল ১০:০০ টায় সমাজসেবা অধিদপ্তরের মধুমতি সম্মেলন কক্ষে শুরু হয় আলোচনা সভা। "জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এর ঐতিহাসিক নেতৃত্ব এবং দেশের উন্নয়ন" শীর্ষক আলোচনা সভায় প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন সমাজকল্যাণ মন্ত্রণালয়ের মাননীয় মন্ত্রী ডা. দীপু মনি এমপি। বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন বীর মুক্তিযোদ্ধা জনাব আ.ফ.ম. রুহুল হক এমপি, সমাজকল্যাণ মন্ত্রণালয় সম্পর্কিত সংসদীয় স্থায়ী কমিটির সভাপতি এবং সমাজকল্যাণ মন্ত্রাণালয়ের সম্মানিত সচিব জনাব মোঃ খায়রুল আলম সেখ। সভায় বক্তাদের আলোচনায় জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এর ঐতিহাসিক নেতৃত্ব উঠে আসে। বীর মুক্তিযোদ্ধা জনাব আ.ফ.ম. রুহুল হক এমপি তাঁর বক্তব্যে ২৫ মার্চ কালরাতের লোমহর্ষক অভিজ্ঞতা ও তারপর বাঙালি জাতির ঘুরে দাঁড়ানোর ইতিহাস তুলে ধরেন। প্রধান অতিথির বক্তব্যে সমাজকল্যাণ মন্ত্রণালয়ের মাননীয় মন্ত্রী ডা.দীপু মনি এমপি, ৭ মার্চ বঙ্গবন্ধুর ভাষণ বিশ্লেষণ ও জাতির পিতার জীবনাদর্শ তুলে ধরেন। "বঙ্গবন্ধুর অসমাপ্ত আত্মজীবনী" বইয়ের আলোকে জাতির পিতার দূরদর্শী নেতৃত্ব তুলে ধরেন। মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনার নেওয়া জনগণের কল্যাণে বিভিন্ন উদ্যোগ এবং দেশের চলমান উন্নয়ন অব্যাহত রাখার বিষয়ে সকলকে একযোগে কাজ করার আহ্বান জানান।



সভায় স্বাগত বক্তব্য রাখেন সৈয়দ মোঃ নুরুল বাসির (যুগ্মসচিব), পরিচালক (প্রশাসন ও অর্থ), সমাজসেবা অধিদপ্তর। সভাপতিত্ব করেন ড. আবু সালেহ্‌ মোস্তফা কামাল, মহাপরিচালক (গ্রেড-১), সমাজসেবা অধিদপ্তর।









প্রকাশনা: গবেষণা, মূল্যায়ন, প্রকাশনা ও জনসংযোগ শাখা, সমাজসেবা অধিদপ্তর। সম্পাদক: রকিব আহমেদ, উপপরিচালক (প্রকাশনা), সমাজসেবা অধিদপ্তর।
নির্বাহী সম্পাদক: সানজিদা সুলতানা, গবেষণা ও প্রকাশনা কর্মকর্তা, সমাজসেবা অধিদপ্তর। অলংকরণ: প্রণব চক্রবর্তী, এসিসটেন্ট ডিজাইনার কাম কোয়ালিটি কন্ট্রোল অফিসার, সমাজসেবা অধিদপ্তর
সমাজসেবা ভবন, ই-৮/বি-১, শেরে বাংলা নগর, আগারগাঁও, ঢাকা ১২০৭, ফোন: +৮৮০২৫৫০০৬৫৯৫, ৫৫০০৭০২৩ ফ্যাক্স: +৮৮০২৪৮১১৮৫৭১, ওয়েব: http://www.dss.gov.bd